যুগ্মসচিব (আইসিটি) এর দপ্তর
সিস্টেম এনালিস্ট/ব্যক্তিগত কর্মকর্তা
ডাইরী নং 298 তারিখঃ 25/8/14
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.১৩- ৬৮

তারিখ : ২৬এপ্রিল ২০১৪
১৩বৈশাখ ১৪২১

## প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ নজরুল ইসলাম (পরিচিতি নম্বর-৬০২১৪২), উপ-বিভাগীয় প্রকৌশলী, মেহেরপুর সড়ক উপ বিভাগ, মেহেরপুর (প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, কুষ্টিয়া সড়ক উপ-বিভাগ, কুষ্টিয়া) কুষ্টিয়া সড়ক উপ-বিভাগে ২১-০৭-২০১০ তারিখ হতে ১০-০৮-২০১৩ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। মাননীয় যোগাযোগ মন্ত্রী গত ০৭ জুলাই, ২০১২ তারিখ কুষ্টিয়া সড়ক বিভাগ পরিদর্শনকালে বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়ক যান চলাচলের খুবই অনুপযোগী হয়ে জন ভোগান্তির সৃষ্টি হয়েছে দেখতে পেয়ে বিষয়টি তদন্তের জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় যোগাযোগ মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্তে প্রতীয়মান হয়েছে যে, আপনি জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়কের কাজ নির্ধারিত সময়ে শুরু করাতে ব্যর্থ হয়েছেন, যা সরকারি দায়িত্ব পালনে অবহেলার সামিল;

এবং

যেহেতু, এ প্রেক্ষাপটে আপনি উক্ত আঞ্চলিক মহাসড়কে Variation-এর মাধ্যমে পুনরায় কাজ করানোর সুপারিশ করেন;

এবং

যেহেতু, আপনি উক্ত আঞ্চলিক মহাসড়কে গত ০৬-১২-২০১২ তারিখ সম্পাদিত ২ (দুই)টি Variation চুক্তির আওতায় নির্ধারিত সময়ের মধ্যে ১৭.৬৪০ কিলোমিটারের মধ্যে ৫.১৬৬ কিলোমিটারের শুধুমাত্র বেজ মজবুতিকরণসহ কার্পেটিং কাজ করান এবং কোন ওভারলে কাজ করানো হয়নি;

এবং

যেহেতু, জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় প্রথম কার্যাদেশ অনুযায়ী কাজ নির্ধারিত সময়ে শুরু ও সমাপ্ত করা হলে জনভোগান্তি সৃষ্টি হত না এবং Variation-এর মাধ্যমে কাজ করানোর প্রয়োজন হত না;

এবং

যেহেতু, আপনার উপরূক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধি অনুযায়ী অসদাচরণ;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য আপনাকে একই বিধিমালার ৩ (বি) বিধি অনুযায়ী অসদাচরণ অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক চাকুরি হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

এবং

যেহেতু, আপনি ১২-০১-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে ০৯-০৩-২০১৪ তারিখে শুনানী গ্রহণ করা হয়;

*(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)*

এবং

যেহেতু, আপনার লিখিত জবাব, শুনানীকালে প্রদত্ত বক্তব্য ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ)(i ও ii)-তে বর্ণিত অসদাচরণ অভিযোগ প্রমাণিত হয়েছে;

এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোঃ নজরুল ইসলাম (পরিচিতি নম্বর-৬০২১৪২), উপ-বিভাগীয় প্রকৌশলী, মেহেরপুর সড়ক উপ-বিভাগ, মেহেরপুর (প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, কুষ্টিয়া সড়ক উপ-বিভাগ, কুষ্টিয়া)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' (censure) দণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৩.০৪.২০১৪

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.১৩- ৬৮

তারিখ : ২৩ এপ্রিল ২০১৪
১০ বৈশাখ ১৪২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এর অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)।**
৮। যুগ্মসচিব (আইসিটি ইউনিট), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।**
৯। যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)।**
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বারকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।**
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিবের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৪। জনাব মোঃ নজরুল ইসলাম (পরিচিতি নম্বর-৬০২১৪২), উপ-বিভাগীয় প্রকৌশলী, মেহেরপুর সড়ক উপ-বিভাগ, মেহেরপুর (প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, কুষ্টিয়া সড়ক উপ-বিভাগ, কুষ্টিয়া), সড়ক ও জনপথ অধিদপ্তর।

২৩/৪/১৪

(মোহা: লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৪১২৮